## Subject: Bengali 2<sup>nd</sup> Language

#### **Class VI**

#### Summary

### পদ্যের সারসংক্ষেপ

# পদ্য – আদর্শ শিষ্য – কাশীরাম দাস

কবি কাশীরাম দাস রচিত আদর্শ শিষ্য কবিতাটিতে প্রাচীন ভারতের গুরু শিষ্যের মধুর সম্পর্কের কথা আলোচনা করা হয়েছে। এই কবিতায় কবি বলেন, অবন্তীনগরে শান্তিপন নামে এক ব্রাহ্মণ শিষ্যদের শিক্ষাদান করতেন। একদিন তিনি তাঁর শিষ্য আরুণিকে ডেকে ধানক্ষেতে আলি বাঁধার আদেশ দিলেন, যাতে ক্ষেতের উপর দিয়ে জল বয়ে না যায়। গুরুর আদেশানুসারে, আরুনী ধানক্ষেতে আলি বাঁধার আপ্রাণ চেষ্টা করল কিন্তু জলের অত্যাধিক গতিবেগের জন্য কিছুতেই আলি বাঁধতে সফল হল না। তখন আরুণি গুরুর আদেশ পালন করার জন্য ক্ষেতের ধারে শুয়ে পরে জল আটকাবার চেষ্টা করল। সারাদিন শিষ্যের কোন খবর না পেয়ে গুরু ক্ষেতে গিয়ে দেখলেন আরুণি বাঁধ রক্ষার জন্য নিজেই গুয়ে জলের ধারা প্রতিরোধ করার চেষ্টা করছে। তখন গুরু খুশি হয়ে শিষ্যকে কাছে ডেকে চার বেদ ও ছয় শাস্ত্রে জ্ঞানলাভের আশীর্বাদ করলেন।